আজকের কাগজ

তারিখ .. 21 SEP 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

116

# চট্টগ্রাম মেডিকেল কলেজে শিবিরের হামলা, একজন গুরুতর আহত

**চট্টগ্রাম প্রতিনিধি :** গতকাল বিকেল সাড়ে তিনটায় চট্টগ্রাম মেডিকেল কলেজে শিবিরের সশস্ত্র হামলায় ৯ জন ছাত্রলীগ কর্মী মারাত্মকভাবে আহত হয়েছে। আহত ছাত্রলীগ কর্মী মাহবুবুল আলম মেডিকেল কলেজের প্রথম বর্ষের ছাত্র। ঘটনার সময় মাহবুবুল আলম তার বন্ধুদের সঙ্গে কলেজের ১ নং গেইটে কথা বলছিলো। মাহবুবুল আলমের অবস্থা এখন আশংকাজনক। তাকে মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

উল্লেখ্য, গতকালের এ হামলা গত সপ্তায় শিবির কর্তৃক সৃষ্ট সশস্ত্র হামলার পুনরাবৃত্তি। গত সপ্তায় শিবিরের সশস্ত্র হামলায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল ছাত্রাবাসের ছাত্রলীগ সমর্থকদের ৫০টি কক্ষ ভাংচুর, অগ্নিসংযোগ, লুটপাটের ঘটনার পর শিবির নেতাদের আবাসিক কক্ষ থেকে পুলিশ বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করার পর অজ্ঞাতকারণে ৩ জন অস্ত্রধারী শিবির নেতাকে গ্রেফতার করলেও পরে ছেড়ে দেয়।

শিবিরের পর পর দুবার মেডিকেল কলেজ হামলায় জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নিশ্চিত না হওয়ায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম কলেজ, মহসীন কলেজ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিবির আধিপত্যবাদের পাশাপাশি সশস্ত্র সংঘর্ষ অব্যাহত রেখেছে বলে একজন আওয়ামী লীগ নেতা অভিযোগ করেন। ঘটনার ফলে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চরম উত্তেজনা বিরাজ করছে। ঘটনাস্থলে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে।